**কৃষিই সমৃদ্ধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-৫-অধিশাখা
(www.moa.gov.bd)

নং-১২.০০.০০০০.০২৪.০৬.০০১.১৪.১৪৫

তারিখ : ১২ ফাল্গুন ১৪২২ / ২৪ ফেব্রুয়ারি ২০১৬

বিষয় : ইনোভেশন টিমসমূহের বাৎসরিক কর্মপরিকল্পনা, প্রতিমাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী এবং বাৎসরিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং- ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০১১.১৫.৭৩, তারিখ : ২০ ডিসেম্বর ২০১৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার প্রতিবেদন ২০১৫ এবং বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৬ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হল।

সংযুক্ত : ০৩ (তিন) পাতা।

2.(24/02/2016

(মোঃ আহসান কবীর)
উপসচিব
ফোন : ৯৫৪০৬২৬
ই-মেইল : admn5.moa@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃ: আ: মাহ্ফুজা বেগম, সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ]

অনুলিপি :

১। যুগ্মসচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, কৃষি মন্ত্রণালয়।
২। সচিব এর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়। সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
৩। প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ।

# বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার প্রতিবেদন

মন্ত্রণালয়ঃ কৃষি মন্ত্রণালয়
বিবেচ্য সাল -২০১৫

কৃষি মন্ত্রণালয়ের ২০১৫ সালের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা/কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি নিম্নে দেয়া হলোঃ

- ইনোভেশন কার্যক্রম-কে আরও গতিশীল ও কার্যকর করার লক্ষ্যে মন্ত্রণালয়ের বিদ্যমান ইনোভেশন টিমকে গত ১০/০৯/২০১৫খ্রিঃ তারিখে পুনর্গঠন করা হয়।
- মন্ত্রণালয়ের ইনোভশন টিম এবং আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন কার্যক্রম পর্যালোচনার লক্ষ্যে ৫টি সভা আহবান করা হয়।
- মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিকোড/ই-ফাইলিং/ই-সেবা বিষয়ে ৩টি প্রশিক্ষণ আয়োজন করা হয়।
- কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের কর্মকর্তাদের উদ্ভাবনী আইডিয়া উপস্থাপনার জন্য মন্ত্রণালয়ে দু'টি সভা অনুষ্ঠিত হয়।
- কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের ১জন ইনোভেটরকে তাঁর কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য এটুআই-এর আওতায় প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব প্রদান করা হয়।
- আওতাধীন দপ্তর/সংস্থার ২টি সেবা সহজীকরণের কার্যক্রম সম্পন্ন হয়েছে।
- আওতাধীন দপ্তর/সংস্থার ২টি অনলাইন সেবা চালুকরণের কার্যক্রম সম্পন্ন হয়েছে।
- কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের কর্মকর্তাদের ২টি উদ্ভাবনী আইডিয়া পাইলটিং-এর উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
- কৃষি বিষয়ক উদ্ভাবনী চিন্তার আদান প্রদান করার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের ফেসবুক পেইজের (কৃষি ভাবনা) কার্যক্রম সম্প্রসারিত করা হয়েছে।
- বিভাগীয় পর্যায়ে আয়োজিত বিভিন্ন দপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে অনুষ্ঠিত ইনোভেশন সার্কেলে সক্রিয় অংশগ্রহণ এবং ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে বিভিন্ন সোশ্যাল মিডিয়া আড্ডায় যোগদান করা হয়েছে।
- পাবলিক সার্ভিস ইনোভশন বাংলাদেশ ফেইসবুক গ্রুপের মাধ্যমে সরকারি কর্মকর্তাদের সাথে ইনোভশন নেটওয়ার্কে যুক্ত থেকে ইনোভেশন ধারনার আদান-প্রদান করা হচ্ছে।

<u>বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা</u>

কৃষি মন্ত্রণালয়

বিবেচ্য সাল -২০১৬

| ক্র/নং | বিষয়/ক্ষেত্র | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরু তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ১. | ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন | মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন। | ০১/০১/২০১৬ | ২৯/০২/২০১৬ | চিফ ইনোভেশন অফিসার/ইনোভেশন অফিসার | পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পাদিত হবে। | মন্ত্রণালয়ের ০১টি এবং আওতাধীন দপ্তর/সংস্থার ১৬টি ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণীত। |
| ২. | সভা | প্রতি মাসে ইনোভেশন টিমের সভা আহবান। | ০১/০১/২০১৬ | ৩১/১২/২০১৬ | চিফ ইনোভেশন অফিসার/সদস্য-সচিব, ইনোভেশন টিম | কার্যক্রম পর্যালোচনা, তদারকী, মানোন্নয়ন ও মূল্যায়ন সম্ভব হবে। | ১২টি ইনোভেশন টিমের সভা। |
| ৩. | প্রতিবেদন | ইনোভেশন টিমের বাৎসরিক (২০১৫) প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণ। | ০১/০১/২০১৬ | ২৯/০২/২০১৬ | চিফ ইনোভেশন অফিসার/ইনোভেশন অফিসার | ইনোভেশন কার্যক্রম পর্যালোচনা ও মূল্যায়ন এবং এ সংক্রান্ত দালিলিক প্রমাণক সংরক্ষণ সম্ভব হবে। | প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ। |
| ৪. | উদ্ভাবনী ধারনা | উদ্ভাবনী ধারনা আহবান ও যাচাই-বাছাইপূর্বক অগ্রাধিকার ভিত্তিতে সঙ্কলন ও সংরক্ষণ। | ০১/০৭/২০১৬ | ৩১/১২/২০১৬ | চিফ ইনোভেশন অফিসার/সদস্য-সচিব, ইনোভেশন টিম | উদ্ভাবনী ধারনা পর্যালোচনা ও মূল্যায়ন এবং এ সংক্রান্ত দালিলিক প্রমাণক সংরক্ষণ সম্ভব হবে। | উদ্ভাবনী ধারনার সঙ্কলন প্রস্তুতকরণ এবং প্রযোজ্য ক্ষেত্রে আইডিয়া ব্যাংকে আপলোড। |
| ৫. | উদ্ভাবনী ধারনার পাইলটিং | উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং-এর কার্যক্রম গ্রহণ। | ০১/০১/২০১৬ | ৩১/১২/২০১৬ | চিফ ইনোভেশন অফিসার/ইনোভেশন অফিসার | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের অভিজ্ঞতা অর্জন। | পাঁচটি পাইলটিং সম্পন্ন। |
| ৬. | উদ্ভাবনী উদ্যোগের অভিজ্ঞতা অর্জন | আওতাধীন দপ্তর/সংস্থার উদ্ভাবনী উদ্যোগের বাস্তবায়ন ও তদারকী এবং এ সংক্রান্ত অর্জিত অভিজ্ঞতা (সফল/বিফল) প্রতিবেদন আকারে প্রস্তুতকরণ। | ০১/০১/২০১৬ | ৩১/১২/২০১৬ | চিফ ইনোভেশন অফিসার/ইনোভেশন অফিসার | উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের অভিজ্ঞতা অর্জন ও সফলতা/বিফলতার প্রতিবেদন প্রস্তুতের মাধ্যমে প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি পাবে। | পাঁচটি উদ্যোগ বাস্তবায়ন এবং ৫টি প্রতিবেদন প্রস্তুত |

| ক্র/নং | বিষয়/ক্ষেত্র | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়নকাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণগত পরিবর্তন আসবে) | পরিমাপ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | শুরু তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ৭. | জাতীয়ভাবে বাস্তবায়ন | উদ্ভাবনী পাইলট প্রকল্প দেশব্যাপী বাস্তবায়ন। | ০১/০১/২০১৬ | ৩১/১২/২০১৬ | দপ্তর/সংস্থার প্রধানগণ | পাইলটিং-এ সফল সম্প্রসারণযোগ্য উদ্ভাবন জনবান্ধবতা বৃদ্ধিতে ভূমিকা রাখবে। | ২টি প্রকল্প দেশব্যাপী সম্প্রসারণ। |
| ৮. | উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধি | উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা/শিক্ষাসফর আয়োজন। | ০১/০১/২০১৬ | ৩১/১২/২০১৬ | চিফ ইনোভেশন অফিসার/ইনোভেশন অফিসার | প্রশিক্ষণ/কর্মশালার মাধ্যমে উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধি পাবে। | ৫টি প্রশিক্ষণ/কর্মশালা/শিক্ষা সফর আয়োজন। |
| ৯. | সোশ্যাল মিডিয়ার ব্যবহার | “কৃষি ভাবনা” ফেসবুক গ্রুপের সম্প্রসারণ। | ০১/০১/২০১৬ | ৩১/১২/২০১৬ | চিফ ইনোভেশন অফিসার/প্রোগ্রামার | দ্রুত ও কার্যকরী যোগাযোগের মাধ্যম হিসেবে সোশ্যাল মিডিয়ার যথাযথ ব্যবহার। | কৃষি বিষয়ক উদ্ভাবনী চিন্তার আদান প্রদান সংক্রান্ত ফেসবুক পেইজের লিঙ্ক। |
| ১০. | ই-সেবা ও ফাইলিং কার্যক্রম | ই-ফাইল ব্যবস্থাপনা ও ই-সেবা বাস্তবায়ন। | ০১/০১/২০১৬ | ৩১/১২/২০১৬ | চিফ ইনোভেশন অফিসার ও আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন অফিসার | সংক্ষিপ্ততম সময়ে নথিতে সিদ্ধান্ত গ্রহণ যা সেবা গ্রহণকারীর প্রত্যাশিত সেবা প্রদান নিশ্চিত করবে। ই-সেবার মাধ্যমে জনগণকে সুলভে এবং সহজে সেবা প্রদান। | NESS এর দৃশ্যমান বাস্তবায়ন ও ই-সেবার অনলাইন ভার্সন প্রকাশ। |